

কৃষি বিশ্ববিদ্যালয়

গবেষণাগারের বহু যন্ত্রপাতি অকেজো

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ কৃষি শিক্ষার শ্রেষ্ঠ বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গবেষণাগারগুলি যুগোপযোগী করা প্রয়োজন, হইয়া দাঁড়াইয়াছে। ফসল ও মাছের নতুন ভারিাইটি পশু চিকিৎসা পশু পালন, কৃষি যন্ত্রপাতি ও সয়েল টেষ্টসহ বিভিন্ন যুগোপযোগী নতুন প্রযুক্তির উদ্ভাবন এবং প্রয়োগের জন্য গবেষণাগারগুলির আধুনিকায়ন প্রয়োজন। বর্তমানে সেকালের যন্ত্রপাতি দিয়া গবেষণা চলিতেছে। খোঁজ নিয়া জানা যায়, প্রত্যেক অনুঘদের প্রায় প্রত্যেকটি ডিপার্টমেন্টের গবেষণাগারে অনেক যন্ত্রপাতিই বিনষ্টের পথে এবং কিছু অকেজো হইয়া করিডোরে অস্বস্তি পড়িয়া রহিয়াছে। সয়েল সাইন্স ডিপার্টমেন্টে গ্রোথ চেম্বার নামক একটি মূল্যবান যন্ত্র অকেজো অবস্থায় রহিয়াছে। বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ আবুল হোসেন জানান মেশিনটি ক্রপ বোটানী বিভাগের। প্রকাশ, মেশিনটির মূল্য প্রায় ৪০ লক্ষ টাকা মেশিনটি অনেকদিন ধড়িয়া অকেজো অবস্থায় করিডোরে পড়িয়া থাকায় শিক্ষার্থীদের গবেষণাগারে প্রবেশ করিতে অসুবিধা হইতেছে বলিয়া অভিযোগ রহিয়াছে। প্রফেসর হোসেন জানান, পরিকল্পনা ও উন্নয়ন শাখার মাধ্যমে প্রকৌশল শাখাকে অবহিত করিয়াও মেশিনটি মেরামতের জন্য কোন পদক্ষেপ গ্রহণ সম্ভব হয় নাই।

ক্রপ বোটানী বিভাগকে চিঠি দিয়াও মেশিনটির গতি করা যায় নাই। ক্রপ বোটানীর প্রধান ডঃ এ. কে. এম. আজাদ-উদ-দৌলা প্রধানের সহিত কয়েকদিন যোগাযোগ করিয়াও তাহার সাফল্য পাওয়া যায় নাই।

বায়োকেমিষ্ট্রি ও এগ্রিকেমিষ্ট্রি বিভাগের সামনে ওভেনভাই নামক মূল্যবান যন্ত্রটি অকেজো অবস্থায় পড়িয়া রহিয়াছে। কৃষি প্রকৌশল অনুঘদের কমবাইও হারভেষ্টের, নিউট্রিন কেটাইওন মিটার মিক ড্রায়ার, পাওয়ার-টিলার, রাইস ড্রায়ারসহ ওয়ার্কশপে বিভিন্ন যন্ত্র অকেজো এবং বিনষ্ট হইয়া রহিয়াছে। জানা যায়, কমবাইও হার-

ভেষ্টেরের দাম প্রায় ৩৫ লক্ষ টাকা। ভেটেরিনারি অনুঘদে স্বয়ংক্রিয় ইন হেলেন্ট এনেক্সটিক মেশিনটিও অকেজো হইয়া রহিয়াছে।

খোঁজ নিয়া জানা যায়, প্রত্যেক অনুঘদেই কিছু না কিছু মূল্যবান যন্ত্র অকেজো হইয়া পড়িয়া থাকায় গবেষণাগারে শিক্ষার্থীদের গবেষণা কাজ ব্যাহত হইতেছে। সব মিলাইয়া প্রায় কোটি টাকার যন্ত্র অকেজো অবস্থায় রহিয়াছে। এই ব্যাপারে শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ডঃ মোঃ মোশাররফ হোসাইন মিলে জানান, অচিরেই প্রশাসনের নিকট উক্ত যন্ত্রগুলির মেরামতসহ উন্নত যন্ত্রপাতি ক্রয়ের জন্য জোরালো ব্যবস্থা নেওয়া হইবে।